বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.২৯

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম ১.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত ৩য় অবহিতকরণ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে,বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম ১.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ৩য় সভা গত ১৮ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় বিএআরসিতে সরাসরি ও জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।
সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৩১-০৩-২০২৪
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
+৮৮০২-৪১০২৫২৫২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য পরিচালক ও পরিচালক, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।;
২। সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং
৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.২৯/১ (৩)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়;
২। উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয় এবং
৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৩১-০৩-২০২৪
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
## নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আলোকে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ৩য় সভা' এর কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| সভার তারিখ | ঃ | ১৮ মার্চ ২০২৪ |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | সভাকক্ষ-১, বিএআরসি এবং জুম প্লাটফর্ম। |
| উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সরাসরি অংশগ্রহণকারী ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বিএআরসি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কার্যক্রম [১.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stekholder) সমন্বয়ে অবহিতকরণ সভা' আয়োজনের নির্দেশনা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার উদ্দেশ্যে ৩য় সভার আয়োজন করছে।

২। সভাপতি উপস্থিত সকলকে সভার লক্ষ্য, উদ্দেশ্য ও গুরুত্ব সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সরকারি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হয়, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি এর অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিত হওয়া প্রয়োজন। এর ফলে কাউন্সিলের সেবা, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা তৈরী হবে। অতঃপর তিনি মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি কে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবিহিত করার অনুরোধ জানান।

৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএআরসি-এর সিটিজেন চার্টারভুক্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা এর আবেদন পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা প্রদানের সময়সীমা ইত্যাদি বিষয় উপস্থাপন করেন। সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; গ্রন্থাগার ও তথ্য সেবা; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান ইত্যাদি নাগরিক সেবার বিষয়ে তিনি বিশদভাবে উপস্থাপন করেন।

৪। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে প্রদত্ত সেবাকে প্রাতিষ্ঠানিক সেবা বলে। কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ যেমন: মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন; পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম সহায়তা প্রদান ইত্যাদি। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৫। সভাপতি বলেন, কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্টভাবে বিবৃত করা রয়েছে।

৬। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৬.১ সভায় বিএআরসি'র নাগরিক সেবা এর অর্ন্তভূক্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার উপর আলোচনা করা হয়। উক্ত সেবার আওতায় ০৫ টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) বাংলা মার্ক লিমিটেড (২) এগ্রোস্যাল লিমিটেড (৩) ইন্ডোফিল বাংলাদেশ ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড (৪) পিপলস অর্গানিক ফার্টিলাইজার (৫) ইস্পাহানি এগ্রোঃ লিঃ এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৬.২ বাংলা মার্ক লিমিটেডের বাংলামার্ক আগ্রোভেট ডিভিশনের ম্যনেজার জনাব ফররুখ আহেমদ সারের গুণগত মান নির্ধারণের জন্য ল্যাব টেস্টের সুবিধা বাড়ানো বিশেষকরে ন্যানো ফার্টিলাইজার টেস্টের বিষয়ের উপর গুরুত্ব প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

৬.৩ কৃষিবিদ মো: সাইফুল ইসলাম রাজিব, এসিস্ট্যান্ট ম্যানেজার, প্রোডাক্ট এবং পার্টনারশিপ, এগ্রোস্যাল লিমিটেড, উর্মী গ্রুপ আধুনিক ও টেকসই কৃষি প্রযুক্তি নিয়ে কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের সাথে MoU এর মাধ্যমে যেন বেসরকারি প্রতিষ্ঠান কাজ করতে পারে সে বিষয়ে উদ্যোগ নেবার প্রস্তাব করেন।

৬.৪ জনাব আফরোজা আহমেদ, সিনিয়র অফিসার, পিপলস অর্গানিক ফার্টিলাইজার সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটির দ্রুততম সময়ে দেবার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

৬.৫ জনাব মোহাম্মদ শহীদুল আলম, ইন্ডোফিল বাংলাদেশ ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড আবেদনের হালনাগাদ তথ্য দ্রুততম সময়ের মধ্যে তাদের জানিয়ে দেবার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। এবং এ লক্ষ্যে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটির সাথে সম্পৃক্ত জনবল বৃদ্ধির বিষয়টি বিবেচনার অনুরোধ করেন। তিনি যোগ করেন যে জাতীয় কমিটির মিটিং বছরে কয়টি এবং কখন হতে পারে তার সম্ভাব্য সময় সমন্ধে ধারণা থাকলে তাদের ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ সহজ হয় এবং অর্থনৈতিক ক্ষতি এড়ানো সম্ভব হবে।

৭। সভাপতি সভায় উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি বিশেষ করে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবার ক্ষেত্রে এনএআরএসভূক্ত যে সকল সকল প্রতিষ্ঠানের ল্যাব সুবিধা আছে সে সকল প্রতিষ্ঠানে থেকে দ্রুততম সময়ে নমুনা পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিটকে আহ্বান জানান।

৮। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৮.১ | সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৮.২ | দ্রুততম সময়ের মধ্যে সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত আবেদনকারীদের জানিয়ে দেবার ব্যবস্থা করা; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৮.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৮.৪ | সভার সিদ্ধান্ত/সুপারিশ যথাসময়ে বাস্তবায়ন করা; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

(ড. মোঃ ছায়ফুল্লাহ্)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।